গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.৫২৭

তারিখ: ৭ কার্তিক ১৪২৯
২৩ অক্টোবর ২০২২

বিষয়: **যশোর জেলার বাঘারপাড়া উপজেলাধীন পশ্চিমা বলরামপুর আলিম মাদ্রাসার এমপিওশীটে মাদ্রাসাটির সহকারী অধ্যাপক জনাব মো: আব্দুল্লাহ আল মামুন (K511765) এর পদবী ও বেতন কোড সংযোজন/সংশোধন প্রসঙ্গে।**

সূত্র: (১) উপপরিচালক, খুলনা অঞ্চল, খুলনা এর স্মারক নং-৩৭.০২.৪৭০০.০০০.০১.০০১.০১.১৭-৮৮; তা: ১৩/০১/২১খ্রি.

(২) ব্যবস্থাপক, রুপালী ব্যাংক লিমিটেড এর স্মারক নং-জেঅয়/সাধারণ/২০২১/১১৫; তা: ২৫/১১/২০২১খ্রি.

(৪) প্রতিকার প্রার্থীর আবেদন; তা: ১০/১০/২১খ্রি.

(৫) তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.১২.০৩৮.২১-২৫০; তাং ২৫/০৮/২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যশোর জেলার বাঘারপাড়া উপজেলাধীন পশ্চিমা বলরামপুর আলিম মাদ্রাসার এমপিওশীটে মাদ্রাসাটির **সহকারী অধ্যাপক জনাব মো: আব্দুল্লাহ আল মামুন** (K511765) এর পদবী LEC এর স্থলে SL ও বেতন কোড 5 এর স্থলে 6 সংশোধনের নিমিত্ত আবেদন উপ পরিচালক, খুলনা অঞ্চল, খুলনা কর্তৃক সুত্রোস্থ ১ নং স্মারকে অত্র অধিদপ্তরে অগ্রায়ন করা হয় (সংযুক্ত)।

২। অগ্রায়ন পত্র এবং সংযুক্ত ডকুমেন্টস পর্যালোচনা করে দেখা যায় যে, মো: আব্দুল্লাহ আল মামুন (K511765) এর বর্ণিত মাদ্রাসায় ০১/০১/১৯৯৬ খ্রিঃ তারিখে **প্রভাষক (আরবি)** পদে যোগদান করেন এবং ডিসেম্বর/২০০০ খ্রি: মাসে ৯ কোডে এমপিওভূক্ত হন। তিনি নভেম্বর/২০১০ মাসে ৭ কোডে এমপিওভূক্ত হন। পরবর্তীতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য আবেদন করা হলে জানুয়ারী/২০১১ মাসে এমপিওশীটে বেতন কোড ৬ এর পরিবর্তে ৫ মুদ্রিত হয় এবং পদবী AP পরিবর্তন না হয়ে LEC রয়ে যায় বিধায়, এমপিওশীটে তিনি পদবী SL ও বেতন কোড ৬ সংশোধনের নিমিত্ত আবেদন করেন।

৩। জনাব মো: আব্দুল্লাহ আল মামুন (K511765) এর **পদবী ও বেতন কোড সংশোধন বিষয়ে " তাঁর পদবী সংশোধন ও বেতন কোড ৫ থেকে ৬ এ পরিবর্তনের জন্য সুপারিশ করা হলো" মর্মে উপ পরিচালক, খুলনা অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক সূত্রোস্থ ১নং স্মারকে উল্লেখ করা হয়।**

৪। পরবর্তীতে আনুষাঙ্গিক ডকুমেন্ট যাচাই/তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামত প্রমাণকসহ প্রতিবেদন প্রদানের জন্য জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ),জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন) ও জনাব লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে যাচাই/তদন্ত কর্মকর্তা হিসেবে নিযুক্ত করা হলে তারা নিম্নোক্ত রুপে মতামত/সুপারিশ প্রদান করেন:-

**"উপর্যুক্ত পর্যালোচনা/তথ্য বিশ্লেষণ ও কাগজপত্র যাচাই করে এই মর্মে সুপারিশ/মতামত প্রদান করা যায় যে, যশোর জেলার বাঘারপাড়া উপজেলাধীন পশ্চিমা বলারামপুর আলিম মাদ্রাসার সহকারী অধ্যাপক জনাব মো: আব্দুল্লাহ আল মামুন (ইনডেক্স নং-K511765) এর পদবী LEC এর স্থলে জ্যেষ্ঠ প্রভাষক (SL) ও বেতন কোড ৫ এর স্থলে ৬ সংযোজন করা যেতে পারে।"**

৫। **"জনাব মো: আব্দুল্লাহ আল মামুন (ইনডেক্স নং-K511765) কে বেতন কোড ০৫ এ কখনও বেতন প্রদান করা হয় নাই এবং এমপিও বিলের অতিরিক্ত অর্থ প্রতি বছর এম, কে রোড কর্পোরেট শাখায় ফেরত প্রদান করা হয়েছে" মর্মে ব্যবস্থাপক, রুপালী ব্যাংক লিমিটেড, রায়পুর বাজার শাখা, যশোর কর্তৃক সুত্রোস্থ ০২ নং স্মারকে অগ্রায়ন পত্রে উল্লেখ ক রেন।**

৫। অধ্যক্ষ, উপ পরিচালক, খুলনা অঞ্চল, মাওশি, তদন্ত কর্মকর্তাদের সুপারিশ ও ব্যবস্থাপক, রুপালী ব্যাংক লিমিটেড, রায়পুর বাজার শাখা, যশোর এর প্রত্যয়নের আলোকে প্রতিকার প্রার্থী জনাব জনাব মো: আব্দুল্লাহ আল মামুন (K511765) এর পদবী ও বেতন কোডের তথ্য নিম্নরূপঃ

| নাম, পদবী, ইনডেক্স ও মাদ্রাসার ঠিকানা | প্রভাষক (আরবি) পদে এমপিও ভুক্তির তারিখ | এমপিওশীটে বিদ্যমান পদবী ও বেতন কোড | চাহিত/সঠিক পদবী ও বেতন কোড | মন্তব্য |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| জনাব মো: আব্দুল্লাহ আল মামুন (K511765) প্রভাষক (আরবি) পশ্চিমা বলরামপুর আলিম মাদ্রাসা, বাঘারপাড়া, যশোর। | ডিসেম্বর/২০০০ খ্রি: | পদবী-LEC বেতন কোড-5 | পদবী- SL বেতন কোড-6 | এমপিওশীটে প্রার্থীর পদবী-SL বেতন কোড-6 সংযোজন/সংশোধন যোগ্য। |

৬। এমতাবস্থায়, অধ্যক্ষ, উপ পরিচালক, খুলনা অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, তদন্ত কর্মকর্তাদের সুপারিশ ও ব্যবস্থাপক, রুপালী ব্যাংক লিমিটেড, রায়পুর বাজার শাখা, যশোর এর প্রত্যয়ন মোতাবেক পশ্চিমা বলরামপুর আলিম মাদ্রাসার এমপিওশীটে জনাব মো: আব্দুল্লাহ আল মামুন (K511765) এর এমপিওশীটে পদবী LEC এর স্থলে জ্যেষ্ঠ প্রভাষক (SL) ও বেতন কোড ৫ এর স্থলে ৬ নিম্নোক্ত শর্তে সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনা মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বাস্তবায়ন প্রতিবেদন (compliance report) দাখিল করা জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষকসরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। জনাব মো: আব্দুল্লাহ আল মামুন (K511765) **কোন প্রকার বকেয়া দাবি করতে পারবে না।**

৫। পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদি ভুল/মিথ্যা/জাল প্রমণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিক অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরুপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবেনা।

সংযুক্তি: বর্ণনামতে (১১) ফর্দ।

২৩-১০-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৪১০৩০১৫৯
ইমেইল: dg@dme.gov.bd

পরিচালক (প্রশাসন ও অর্থ) ও প্রকল্প পরিচালক, মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাপনা ও ইনফরমেশন সিস্টেম (মেমিস), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.৫২৭/১(২)

তারিখ: ৭ কার্তিক ১৪২৯
২৩ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অধ্যক্ষ/মো: আব্দুল্লাহ আল মামুন (K511765),পশ্চিমা বলরামপুর আলিম মাদ্রাসা, বাঘারপাড়া, যশোর।

২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

২৩-১০-২০২২
মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক